

১০ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ

পত্র নং-০৫.০০.০০০০.১১৫.২০.০৩৩.১৩-১৮৭৩(৬)

তারিখ : -----
২৪ মে, ২০১৬ খ্রিষ্টাব্দ

প্রেরক : মোঃ মাসুদুল হাসান
উপসচিব
প্রাপক : বিভাগীয় কমিশনার, ঢাকা / খুলনা / চট্টগ্রাম / বরিশাল / সিলেট / রংপুর।
বিষয় : ২০১৫-১৬ অর্থবছরের সংশোধিত বাজেটে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন ০৭৪১-বিভাগীয় প্রশাসন এর
৪৭১৪-বাংলা নববর্ষ ভাতা উপখাতের বাজেট বরাদ্দ বটন।

নিম্নস্বাক্ষরকারি চলতি ২০১৫-১৬ অর্থবছরের সংশোধিত বাজেটে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন ০৭৪১-বিভাগীয় প্রশাসন এর বাজেট বরাদ্দ হতে এতদসঙ্গে সংযোজিত বিবরণীতে বাংলা নববর্ষ ভাতা খাতসমূহে ব্যয় নির্বাহের নিমিত্ত আদিষ্ট হয়ে বাজেট বরাদ্দ ও খরচের মঞ্জুরি জ্ঞাপন করছি।

০৭৪১-বিভাগীয় প্রশাসন

(অংকসমূহ টাকায়)

কোড ও খাত	ক্রমিক নং	বিভাগের নাম	২০১৫-১৬ অর্থবছরের বরাদ্দ	কোড ও খাত	ক্রমিক নং	বিভাগের নাম	২০১৫-১৬ অর্থবছরের বরাদ্দ
৪৭১৪- বাংলা নববর্ষ ভাতা	১.	ঢাকা	১,৫০,০০০/-	৪৭১৪- বাংলা নববর্ষ ভাতা	৪.	বরিশাল	১,৫০,০০০/-
	২.	খুলনা	১,৫০,০০০/-		৫.	সিলেট	১,৫০,০০০/-
	৩.	চট্টগ্রাম	১,৫০,০০০/-		৬.	রংপুর	১,৫০,০০০/-

২. চলতি ২০১৫-১৬ অর্থবছরের জুলাই, ২০১৫ হতে জুন, ২০১৬ পর্যন্ত বাংলা নববর্ষ ভাতা প্রদানের জন্য অর্থ বরাদ্দ প্রদান করা হলো। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পূর্ব অনুমোদন ব্যতীত বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত ব্যয় করা যাবে না। অতিরিক্ত ব্যয়ের কোন ব্যয়ান্তর অনুমোদন প্রদান করা হবে না। এ বরাদ্দপত্রের ব্যাপারে জিজ্ঞাসা থাকলে কোন ব্যবস্থা গ্রহণ না করে অবশ্যই অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
৩. প্রকৃত ব্যয়ের হিসাব ও প্রতিপাদনের (Verification of figures) সুবিধার্থে প্রতিমাসের খরচের বিবরণী পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে অবশ্যই সংশ্লিষ্ট জেলা হিসাবরক্ষণ অফিসের সাথে হিসাব সংগতিকরণ (Reconciliation) করতে হবে এবং ত্রৈমাসিক ব্যয়ের হিসাব মন্ত্রণালয়ের নির্ধারিত ছকে বাজেট ও পরিবীক্ষণ শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।
৪. অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে ২০১৫-১৬ অর্থবছরের বরাদ্দের খরচের হিসাব এবং যৌক্তিকতা উল্লেখপূর্বক প্রস্তাব প্রেরণ করতে হবে।
৫. উল্লেখ্য, বিভাগীয় কমিশনার রাজশাহী ও ময়মনসিংহ এর চাহিদার ভিত্তিতে ইতঃপূর্বে ২০১৫-১৬ অর্থবছরে ৪৭১৪-বাংলা নববর্ষ ভাতা খাতে বরাদ্দ প্রদান করা হয়েছে।
৬. সকল প্রকার ব্যয় নির্বাহের ক্ষেত্রে প্রচলিত আর্থিক নিয়ম-নীতি অনুসরণ এবং ব্যয় সংকোচনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোঃ মাসুদুল হাসান)
উপসচিব

ফোন : ৯৫৪৫৯৫৩

১০ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ

তারিখ : -----

২৪ মে, ২০১৬ খ্রিষ্টাব্দ

পত্র নং-০৫.০০.০০০০.১১৫.২০.০৩৩.১৩-১৮৭৩(৬)/১(১৬)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
৪. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক ঢাকা / খুলনা / চট্টগ্রাম / বরিশাল / সিলেট / রংপুর।
৫. অতিরিক্ত সচিব (বাজেট ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।

(মোঃ মাসুদুল হাসান)
উপসচিব